# যশোর বোর্ড-২০১৯

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ জনাব 'ক' একজন রাজনৈতিক নেতা। তিনি 'গ' দেশের জাতীয় নির্বাচনে জয়ী হন কিন্তু কর্তৃপক্ষ তাকে ক্ষমতা হস্তান্তর করেনি। তাই জনাব 'ক' দেশের জনগণের সামনে একটি ভাষণ প্রদান করেন। তার ভাষণ শুনে মানুষ একত্রিত হয়ে আন্দোলন শুরু করে। পুলিশ জনাব 'ক' কে গ্রেপ্তার করে জেলে রাখে। জেল থেকে মুক্ত হয়ে তিনি 'গ' দেশের রাষ্ট্রপতি হন। দেশকে নতুনভাবে পুনর্গঠনের জন্য তিনি আইনের মূল বই রচনা, শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠাসহ বেশ কিছু নীতি পদক্ষেপ গ্রহণ করেন।

ক. বাকশাল কী? ১

খ. আমাদের স্বাধীনতা যুদ্ধকে গণযুদ্ধ বলা হয় কেন? ২

গ. জনাব 'ক' এর ভাষণটি তোমার পাঠ্যবইয়ের কোন ধারণাটিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "গ দেশকে সফল করতে জনাব 'ক' এর পদক্ষেপগুলো গুরুত্বপূর্ণ ছিল"— তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২.▶ ঘটনা-১: জনাব ফজলুল 'খ' দেশের একজন রাজনৈতিক নেতা। সরকারের অপশাসনের কারণে অধিকাংশ মানুষ তাদের অধিকার উপভোগ করতে পারে না। তাই জনাব ফজলুল অন্য তিনটি দলের সঙ্গে জোট তৈরি করে নির্বাচনে অংশগ্রহণ করে ক্ষমতাসীন দলকে পরাজিত করে। জনাব ফজলুল জয়ী হলেও তিনি পূর্ণ সময় ক্ষমতায় থাকতে পারেননি।
ঘটনা-২: জনাব সোহান একটি কমিটির প্রধান। দেশের সকল মানুষের কল্যাণের জন্য একটি বিশেষ কাজ করতে একটি নতুন গ্রুপ এ কমিটিতে যোগ দেয়। এজন্য তারা একটি মিটিংয়ে বসে। মিটিং-এর তথ্য বিরোধী পক্ষের কাছে ফাঁস হয়ে যায়। এজন্য জনাব সোহানের বিরুদ্ধে একটি মামলা হয় এবং তাকে গ্রেপ্তার করা হয়। কিন্তু সাধারণ জনগণের শক্তিশালী আন্দোলনের কারণে জনাব সোহানকে মুক্তি দেয়া হয়।

ক. ২১-দফা দাবীর প্রথম দাবীটি কী ছিল? ১

খ. আমরা আমাদের ভাষার প্রতি শ্রদ্ধাশীল হব কেন? ২

গ. 'খ' দেশটির নির্বাচনটি তোমার পাঠ্যবইয়ের কোন নির্বাচনের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "ঘটনা-২ এর সাথে তোমার পাঠ্যবইয়ের যে ঘটনাটির মিল আছে তা পূর্ব বাংলার জনগণকে মহান মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়তে অনুপ্রাণিত করে"— বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৩.▶ মিতুল বরিশাল জেলার মেঘনা নদীর তীরে বসবাস করে। সে দিনে দুইবার নদীর পানির হ্রাস-বৃদ্ধি পর্যবেক্ষণ করে। সে এ ঘটনাটি তার অস্ট্রেলীয় বন্ধু নাসিমের সাথে আলোচনা করে সঠিক তথ্য পায়। জুন মাসে নাসিম অস্ট্রেলিয়া থেকে বাংলাদেশ এসে এখানকার গরম আবহাওয়া দেখে আশ্চর্য হয়। নাসিম বলে, "এ সময় আমরা আমাদের দেশে ঠাণ্ডা অনুভব করি"।

ক. সৌরজগৎ কাকে বলে? ১

খ. স্থানীয় সময় বিভিন্ন জায়গায় ভিন্ন হয় কেন? ২

গ. মিতুলের পর্যবেক্ষণে তোমার পাঠ্যবইয়ের কোন প্রাকৃতিক ঘটনাটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নাসিমের পর্যবেক্ষণের সাথে তোমার পাঠ্যবইয়ের যে ধারণাটির মিল আছে তা চিহ্নিত করে নাসিমের মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৪.▶ তামান্না বাংলাদেশের সর্ব উত্তরের জেলায় বসবাস করে। সে একটি নির্দিষ্ট মাসে প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করার জন্য কক্সবাজার বেড়াতে যায়। সে মনে করে এ দুই জায়গার তাপমাত্রা সমান নয়, যদিও এসময় দিনগুলো রাতের চেয়ে অনেক ছোট। তামান্নার বন্ধু মারিয়া রংপুরে বসবাস করে। একদিন মারিয়া বন্ধুদের সাথে মাঠে খেলা করার সময় হঠাৎ মাটিতে প্রচণ্ড ঝাঁকুনি অনুভব করে। মারিয়া দৌড়ে গিয়ে একটি বড় গাছের নিচে আশ্রয় নেয়, কিন্তু তার বন্ধুরা মাঠেই অবস্থান করে।

ক. উপকেন্দ্র কী? ১

খ. আমাদের জীবন জীবিকার সাথে জলবায়ু সম্পর্কিত কেন? ২

গ. তামান্নার পর্যবেক্ষণে বাংলাদেশের কোন ঋতু প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দুর্যোগটি চিহ্নিত করে ঐ সময়ে মারিয়ার কাজটির যথার্থতা বিচার কর। ৪

৫.▶ ঘটনা-১: মনির নূরপুর গ্রামে বসবাস করে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার জন্য তারা গ্রামের কিছু লোক দিয়ে একটি কমিটি গঠন করে। জনগণের মতামতের উপর গুরুত্ব দিয়ে উক্ত কমিটি সবধরনের কাজ সম্পন্ন করে।

ঘটনা-২: রাকিব তার বন্ধুদের নিয়ে একটি ক্লাব প্রতিষ্ঠা করে। তারা এলাকার মানুষদের শিক্ষিত করা, কুসংস্কার দূর করা ও উন্নয়নমূলক কাজ সম্পাদন করার জন্য কিছু পদক্ষেপ গ্রহণ করে। ধীরে ধীরে তারা তাদের লক্ষ্যে সফল হয়।

ক. নাগরিক কাকে বলে? ১

খ. সুশাসনের জন্য আইন গুরুত্বপূর্ণ কেন? ২

গ. ঘটনা-১ এর কমিটির সাথে রাষ্ট্রের কোন উপাদানের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাকিবের ক্লাবের কাজের সাথে রাষ্ট্রের কোন কার্যাবলি সাদৃশ্যপূর্ণ? রাষ্ট্রের উন্নয়নে এ ধরনের কাজের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬.▶ জনাব রাসেল রাষ্ট্রের শাসন ব্যবস্থার একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি। তিনি রাষ্ট্র পরিচালনার সকল ক্ষেত্রে সমন্বয় সাধন এবং পরামর্শ প্রদান করেন। অন্যদিকে জনাব আরমান 'ছ' উপজেলা শহরে বসবাস করেন। সম্প্রতি তিনি তার এলাকার জনগণের ভোটে নির্বাচিত হন। এলাকার প্রধান ব্যক্তি হিসেবে তিনি যোগাযোগ, শিক্ষা, বাসস্থান ইত্যাদির উন্নয়নের জন্য কঠোর পরিশ্রম করছেন। তিনি এলাকার সংক্রামক রোগ প্রতিরোধ করার জন্য কাজ করছেন।

https://teachingbd24.com

ক. সচিবালয় কী? ১

খ. আমারা আমাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে সচেতন হব কেন? ২

গ. জনাব রাসেলের কর্মকাণ্ড রাষ্ট্রের কোন গুরুত্বপূর্ণ পদমর্যাদা সম্পন্ন ব্যক্তিকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আরমান সাহেব বাংলাদেশের কোন স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রধান তা চিহ্নিত করে বাংলাদেশের উন্নয়নকল্পে তাঁর কাজের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৭.▶ জনাব সাদেক একজন ধনী ব্যক্তি যিনি ভারত মহাসাগরের একটি দ্বীপে বসবাস করেন। এ দ্বীপে অল্পসংখ্যক মানুষ বসবাস করে। জনাব সাদেক এবং তার মত অধিবাসীরা একসঙ্গে বসে দ্বীপটির সমস্যা নিয়ে আলোচনা করে ও সে অনুযায়ী সিদ্ধান্ত নেয়। জনাব সাদেক এই পদ্ধতিটি নিয়ে অন্য দেশে বসবাসকারী তার বন্ধু খোকনের সাথে আলোচনা করে। খোকন বলে যে, সে তার কিছু বন্ধু নিয়ে ঐ দেশে একটি কমিটি তৈরি করেছে। এ কমিটির নিজস্ব নীতি আছে এবং এটি জনগণের সম্মতি নিয়ে ক্ষমতায় যেতে চায়।

ক. নির্বাচকমণ্ডলী কাকে বলে? ১

খ. নির্বাচনি আচরণবিধি আমাদের মানা উচিৎ কেন? ২

গ. জনাব সাদেক যে দ্বীপে বসবাস করেন সেখানে কোন ধরনের গণতন্ত্র বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. খোকনের কমিটির সাথে তোমার পাঠ্যবইয়ের যে ধারণাটির মিল আছে তা চিহ্নিত করে একটি গণতান্ত্রিক দেশে এর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮.▶ দৃশ্যপট-১: জনাব ফাহিম একজন বিজ্ঞানমনস্ক ব্যক্তি। তিনি তার দক্ষতা ও সৃজনশীল ক্ষমতা ব্যবহার করে নতুন কিছু আবিষ্কার করতে চান। তিনি অবসর সময়ে প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করার জন্য নদী, পার্ক ও বনাঞ্চলে বেড়াতে যান।

দৃশ্যপট-২: জনাব কাদের একটি মুসলিম দেশে বসবাস করেন। তিনি তার দেশে কয়েকটি কারখানার মালিক। তিনি ইচ্ছামত তার ব্যবসা পরিচালনা করেন, সরকার এক্ষেত্রে কোনো হস্তক্ষেপ করে না। কিন্তু তার বন্ধু আবির ইচ্ছামত ব্যবসা পরিচালনা করতে পারেন না। ব্যবসা পরিচালনায় তিনি সরকারি নিয়মনীতি কঠোরভাবে পালন করেন।

ক. উপযোগ কাকে বলে? ১

খ. আমরা সম্পদের অপচয়রোধ করবো কেন? ২

গ. দৃশ্যপট-১ এ কোন ধরনের সম্পদ প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কার দেশের অর্থনৈতিক ব্যবস্থা সবচেয়ে ভালো? জনাব কাদের ও আবিরের দেশের অর্থনৈতিক ব্যবস্থা চিহ্নিত করে বিশ্লেষণ কর। ৪

৯.▶ জনাব মিনসেং একজন চীনা ব্যবসায়ী। তিনি ব্যবসায়ীক উদ্দেশ্যে বাংলাদেশে এসে সরকারের অনুমতি নিয়ে রংপুরে একটি কারখানা প্রতিষ্ঠা করেন। স্থানীয় অনেক মানুষ তার কারখানায় কাজ করে। অন্যদিকে জনাব পলাস সখিপুর গ্রামে বসবাস

https://teachingbd24.com

করেন। স্নাতক পাশ করে সে তার গ্রামে একটি ছোট কারখানা প্রতিষ্ঠা করে। ব্যাংক থেকে পর্যাপ্ত ঋণ না পাওয়ার কারণে সে এটাকে বড় করতে পারছে না। গ্রামের অধিকাংশ মানুষ মূর্খ হওয়ায় সে তার কারখানার জন্য দক্ষ ও শিক্ষিত শ্রমিক পাচ্ছে না। রাস্তা ঘাট ভাঙা হওয়ার কারণে সে পরিবহন সমস্যারও মুখোমুখী হয়।

ক. মোট জাতীয় উৎপাদন কাকে বলে? ১

খ. আমাদের অর্থনৈতিক সমস্যাগুলো সমাধান করা উচিত কেন? ২

গ. জনাব মিনসেং-এর কাজটি অর্থনীতির কোন নির্দেশক এর মধ্যে পড়ে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে পলাস যে প্রতিবন্ধকতাসমূহের সম্মুখীন হয়েছে তার প্রভাব বিশ্লেষণ কর। ৪

১০.▶ আবুল হোসেন একজন গরীব কৃষক। সে পদ্মা নদীর তীরে তার পরিবারসহ বসবাস করে। সম্প্রতি তার বাড়ি-ঘর নদীতে ভেঙে পড়েছে। বিকল্প উপায় না পেয়ে আবুল মিয়া তার পরিবারসহ ঢাকায় চলে যায়। সেখানে তারা একটি বস্তিতে বসবাস করে। অন্যদিকে জনাব জামাল রূপনগরে বসবাস করেন। এটি একটি নির্জন জায়গা ছিল। সম্প্রতি কিছু ব্যবসায়ী সেখানে কিছু কারখানা তৈরি করে। অন্য জায়গার মানুষও এই কারখানাগুলোতে কাজ করতে আসে। ধীরে ধীরে জায়গাটি জনবহুল হয়ে ওঠে। জামাল রূপনগরে কিছু অসামাজিক কাজ যেমন— মারামারী, ডাকাতি ইত্যাদি অপরাধ লক্ষ করে।

ক. সামাজিক পরিবর্তন কাকে বলে? ১

খ. নারীর ক্ষমতায়ন গুরুত্বপূর্ণ কেন? ২

গ. আবুল হোসেনের ক্ষেত্রে সামাজিক পরিবর্তনের কোন উপাদানটি লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. জামালের আবাসস্থলে সামাজিক পরিবর্তনের যে উপাদানটি প্রতিফলিত হয়েছে শহর অর্থনীতিতে তার প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১.▶ মিল্টন তার বাবা মায়ের বড় ছেলে। সে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র। সম্প্রতি তার বাবা-মা তার চিন্তা ও কার্যকলাপে পরিবর্তন দেখতে পায়। মিল্টন প্রচলিত আইনের শাসনে সন্তুষ্ট নয়। সে ইন্টারনেট ব্যবহার করে তার চিন্তা-চেতনা বন্ধুদের সাথে ভাগাভাগি করে। রাষ্ট্রবিরোধী কাজে জড়িত থাকার কারণে পুলিশ তাকে গ্রেপ্তার করে। তার বড় ভাই মোহন একজন সরকারি উর্ধ্বতন কর্মকর্তা। মাঝে মাঝে মোহন উপহারের নামে টাকার বিনিময়ে গুরুত্বপূর্ণ ফাইলে সই করেন। তিনি তার নিকটতম নিম্নপদস্থ কর্মকর্তাদের সুবিধা প্রদান করেন ও অন্যদের ক্ষেত্রে কঠোরতা অবলম্বন করেন।

ক. সামাজিক সমস্যা কাকে বলে? ১

খ. শিশুশ্রম বন্ধ করা উচিৎ কেন? ২

গ. মিল্টনের কাজে তোমার পাঠ্যবইয়ের কোন ধারণাটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে মোহনের কাজের প্রভাব বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. স্মৃতির মিনার কবিতাটি কে রচনা করেন?**
ক) আব্দুল লতিফ
খ) আলাউদ্দিন আল আজাদ
গ) মাহবুব-উল-আলম
ঘ) আব্দুল গাফফার চৌধুরী

**২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছয় দফা দাবি ঘোষণা করেন কেন?**
ক) বাঙালিদের মুক্তির জন্য
খ) একটি দুর্নীতিমুক্ত সমাজ নিশ্চিত করতে
গ) বাঙালিদের অর্থনৈতিক মুক্তির জন্য
ঘ) প্রতিরক্ষা খাতের নিরপেক্ষতা নিশ্চিত করতে

**৩. কোন বছর শিক্ষা নীতি ঘোষণা করা হয়?**
ক) ২০১১   খ) ২০১০
গ) ২০০৮   ঘ) ২০০৬

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও**

ফাহিম একটি নদীর তীরে বসবাস করে যেটি আমাদের প্রতিবেশী দেশে উৎপত্তি লাভ করে। অনেক বছর আগে একটি প্রাকৃতিক দুর্যোগের কারণে এটির গতিপথ পরিবর্তন হয়। একদিন ফাহিম তার বন্ধুদের সাথে একটি বনে ঘুরতে যায়। সেখানে তারা আমাদের জাতীয় পশুর পায়ের ছাপ ও প্রচুর সংখ্যক কেওড়া ও বাইন বৃক্ষ দেখে।

**৪. ফাহিম কোন নদীর তীরে বসবাস করে?**
ক) মেঘনা   খ) ব্রহ্মপুত্র
গ) যমুনা   ঘ) তিস্তা

**৫. ফাহিমের দেখা বনটি—**
i. সব ধরনের গাছে পূর্ণ
ii. বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে অবস্থিত
iii. প্রাকৃতিক সম্পদে পূর্ণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৬. বাংলাদেশের ক্ষুদ্রতম দিন কোনটি?**
ক) ২১ মার্চ   খ) ২১ জুন
গ) ২৩ সেপ্টেম্বর   ঘ) ২২ ডিসেম্বর

**৭. শনি গ্রহের উপগ্রহ কোনটি?**
ক) গ্যানিমেড   খ) টাইটানিয়া
গ) মিরান্ডা   ঘ) ক্যাপিটাস

**৮. জেলা পরিষদের আবশ্যিক কাজ কোনটি?**
ক) মাদকদ্রব্যের প্রতিরোধ
খ) আদর্শ কৃষিখামার স্থাপন
গ) জাতীয় দিবস উদযাপন
ঘ) ব্রিজ নির্মাণ

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

'A' দেশের স্বাধীনতা যুদ্ধের সময় জনাব 'X' একটি কমিটি তৈরির ঘোষণা দেন। তিনি উক্ত কমিটির সদস্য হন এবং এই কমিটির অধীনে যুদ্ধটিকে সফলতার সাথে পরিচালনা করেন।

**৯. তোমার পাঠ্যবইয়ের কোন রাজনৈতিক নেতাটি জনাব 'X' এর মত?**
ক) তাজউদ্দিন আহমেদ
খ) সৈয়দ নজরুল ইসলাম
গ) এম. মনসুর আলী
ঘ) এ. এইচ. এম কামারুজ্জামান

**১০. বাংলাদেশের কোন ঋতুতে কালবৈশাখী হয়?**
ক) বসন্তকাল   খ) গ্রীষ্মকাল
গ) বর্ষাকাল   ঘ) শরৎকাল

**১১. আইনের বৈশিষ্ট্য হচ্ছে—**
i. মানুষের কাজকে নিয়ন্ত্রণ করা
ii. নাগরিকদের সমতা নিশ্চিত করা
iii. মানুষের চিন্তার পরিবর্তন করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**১২. কোনটি সর্বনিম্ন পাহাড় চূড়া?**
ক) পিরামিড   খ) কিওক্রাডং
গ) তাজিওডং   ঘ) মোদকমুয়াল

**১৩. আধুনিক যুগে কোনটি আইনের প্রধান উৎস?**
ক) ধর্ম   খ) আইনসভা
গ) প্রথা   ঘ) ন্যায়বোধ

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

জনাব আলিফ 'ক' সংস্থার প্রধান। তিনি শিশুদের রোগ প্রতিরোধ করার জন্য ওষুধ সরবরাহ করেন। অন্যদিকে জনাব কমল নূরপুর গ্রামে বসবাস করেন। তার গ্রামের গ্রামবাসীদের মধ্যে সবসময় বিশৃঙ্খলা লেগেই থাকে। তাই নূরপুর গ্রামের আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার জন্য অন্য গ্রামের কয়েকজন যুবককে সেখানে পাঠানো হয়। এখন এ গ্রামের বিশৃঙ্খলা বন্ধ হয়েছে।

**১৪. 'ক' সংস্থাটির সাথে কোন আন্তর্জাতিক সংস্থার মিল রয়েছে?**
ক) ইউনিসেফ   খ) এফএও
গ) ইউএনডিপি   ঘ) ডব্লিউএইচও

Teachingbd24.com

https://teachingbd24.com

১৫. যুবকদের গৃহীত ক্রিয়াকলাপের মত বাংলাদেশও অবদান রাখছে—

i. একটি শান্তিপূর্ণ বিশ্ব প্রতিষ্ঠায়
ii. কিছু জাতির নিরাপত্তা দিতে
iii. দেশগুলোর সার্বভৌমত্ব নিশ্চিত করতে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৬. কে গণতন্ত্রকে মূর্খের ও অযোগ্যের শাসন ব্যবস্থা বলে অভিহিত করেছেন?

ক) অধ্যাপক গেটেল খ) ম্যাকাইভার
গ) অধ্যাপক ফাইনার ঘ) এরিস্টটল

১৭. রাজনৈতিক দলের প্রধান উদ্দেশ্য কী?

ক) জনগণকে সমর্থন দেওয়া
খ) অন্যের উপর প্রাধান্য প্রতিষ্ঠা
গ) রাষ্ট্রের সমস্যা খুঁজে বের করা
ঘ) দলের উন্নতি অর্জন করা

১৮. উৎপাদনের উপাদান কয়টি?

ক) দুইটি খ) তিনটি
গ) চারটি ঘ) পাঁচটি

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
জনাব রহিম বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর তৃতীয় স্তরের প্রধান। সম্প্রতি তিনি তার দায়িত্বরত এলাকায় বন্যাদুর্গত মানুষদের মাঝে ত্রাণ বিতরণ করেন।

১৯. জনাব রহিমের কাজটি হচ্ছে—

ক) সমন্বয় সংক্রান্ত
খ) স্থানীয় শাসন সংক্রান্ত
গ) মানবতামূলক
ঘ) শান্তিরক্ষামূলক

২০. নিচের কোনটি পৃথিবীর একটি উন্নত দেশ?

ক) চীন খ) জাপান
গ) তুরস্ক ঘ) মালয়েশিয়া

২১. বর্তমান গণতান্ত্রিক ব্যবস্থায়—

i. শুধু যোগ্য মানুষরাই ক্ষমতায় যায়।
ii. মানুষ তার মতামত স্বাধীনভাবে প্রকাশ করতে পারে।
iii. উন্নয়নকে বেশি করে অগ্রাধিকার দেয়া হয়।

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. ব্যক্তি পর্যায়ে কোন অর্থনৈতিক ব্যবস্থাটির বেশি গ্রহণযোগ্য?

ক) ধনতান্ত্রিক খ) মিশ্র
গ) সমাজতান্ত্রিক ঘ) ইসলামী

২৩. আন্তর্জাতিক বাণিজ্যের লেনদেনের ক্ষেত্রে বাংলাদেশ কিভাবে উন্নতি করতে পারে?

ক) রপ্তানি বৃদ্ধির দ্বারা
খ) আমদানি বৃদ্ধির দ্বারা
গ) নতুন বাণিজ্য নীতি তৈরির দ্বারা
ঘ) নতুন পণ্য উৎপাদনের মাধ্যমে

**নিচের অনুচ্ছেদটির পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
হাছান তার বাবা-মা, দাদা-দাদীর সাথে কলিমপুর গ্রামে বসবাস করে। হাছান প্রতিদিনি তার দাদার সাথে বাইরে ঘুরতে যায় এবং অনেক কিছু শেখে।

২৪. হাছান কোন ধরনের পরিবারে বসবাস করে?

ক) একক খ) যৌথ
গ) বর্ধিত ঘ) নয়াবাস

২৫. সামাজিকীকরণ প্রক্রিয়ায় হাছান শিখবে—

i. সাহায্যের মনোভাব
ii. কথা বলার ধরণ
iii. জটিল সমাজ জীবন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. কোনটি কর রাজস্ব?

ক) বন খ) রেলওয়ে
গ) সুদ ঘ) রেজিস্ট্রেশন

২৭. কোনটি একজন ব্যক্তির মনে আত্মবিশ্বাসের জাগ্রত করে?

ক) শিক্ষা খ) যোগাযোগ
গ) প্রযুক্তি ঘ) নগরায়ন

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
পড়াশোনা শেষ করে সাকিব 'M' ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি কারখানা প্রতিষ্ঠা করে। ২০ জন মানুষ তার কারখানায় কাজ করে।

২৮. তোমার পাঠ্যবইয়ের কোন ব্যাংকটি 'M' ব্যাংক এর মত?

ক) সমবায় ব্যাংক খ) শিল্প ব্যাংক
গ) গ্রামীণ ব্যাংক ঘ) সোনালী ব্যাংক

২৯. শিক্ষার ফলে নারীরা—

i. আত্মনির্ভরশীল হচ্ছে
ii. সমাজে অবদান রাখছে
iii. কৃষিকাজে জড়িয়ে পড়ছে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. কোন সালে বাংলাদেশ সরকার মাতৃত্বকালীন ছুটি ছয় মাস ঘোষণা করে?

ক) ২০০০ খ) ২০০২
গ) ২০০৬ ঘ) ২০১১

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd24.com

https://teachingbd24.com